দৈনিক ইনকিলাব

APR. 02 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা 7 কলাম 2

# তদবিরে নিয়োগপ্রাপ্ত প্রিন্সিপালের দাপট

মাদারীপুর থেকে জেলা সংবাদদাতা ঃ সরকারী দলের জোর তদবিরে নিয়োগকৃত, বিতর্কিত ও বিধি লংঘন করে পদোন্নতিপ্রাপ্ত [illegible] সরকারী বিশ্ববিদ্যালয় কলেজের প্রিন্সিপাল অতুল চন্দ্র চন্দ গত (শনিবার) শত শত ছাত্র-ছাত্রীর প্রতিবাদ উপেক্ষা করে ক্ষমতা দেখিয়ে কলেজে যোগদান করেছেন। আওয়ামী লীগের ১ জন এমপিসহ জনৈক প্রতিমন্ত্রীর তদবিরে সিনিয়র শিক্ষকদের জ্যেষ্ঠতা ডিঙ্গিয়ে উক্ত বিতর্কিত প্রিন্সিপাল কলেজে যোগদান করায় ছাত্র-ছাত্রী, শিক্ষক মহলসহ জেলার বিভিন্ন মহলে চরম ক্ষোভ ও হতাশা বিরাজ করছে। জানা গেছে, উক্ত কলেজের সাবেক প্রিন্সিপাল গত ২৬ ফেব্রুয়ারী অবসরগ্রহণ করায় শিক্ষা মন্ত্রণালয় কোটালীপাড়া সরকারী কলেজের সহযোগী অধ্যাপক অতুল চন্দ্র চন্দকে মাদারীপুর কলেজের প্রিন্সিপাল হিসেবে মনোনয়ন দেয়। অথচ প্রিন্সিপাল পদে ঐ কলেজের অনেক অধ্যাপক যোগ্য থাকা সত্ত্বেও অতুল চন্দ্র চন্দ ক্ষমতাসীন দলের প্রভাব খাটিয়ে জ্যেষ্ঠতা ডিঙ্গিয়ে প্রিন্সিপাল পদে নিয়োগ পান, যা বিধি লংঘনের জ্বলন্ত নজির। প্রিন্সিপাল নিয়োগে ক্ষমতাসীন দলের এ নির্লজ্জ কর্মকাণ্ডে জেলার বিভিন্ন মহলে চরম ক্ষোভ বিরাজ করছে।